

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
টেলিযোগাযোগ অধিদপ্তর  
প্রশাসন-১ শাখা  
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।  
[www.telecomdept.gov.bd](http://www.telecomdept.gov.bd)

নম্বর: ১৪.৩০.০০০০.২১২.১৯.০৩৬.২১.৬৭

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৭

২৮ ফেব্রুয়ারি ২০২১

অফিস আদেশ

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রজ্ঞাপন নং-১৪.০০.০০০০.০০৮.১৯.০১২.১৯.১০৬৬, তারিখ-২৫/০২/২০২১ এর মাধ্যমে সদয় অনুমোদনের প্রেক্ষিতে টেলিযোগাযোগ অধিদপ্তরের কাজের স্বার্থে বিসিএস (টেলিযোগাযোগ) ক্যাডারের ৫ম গ্রেডভুক্ত উপপরিচালক/ বিভাগীয় প্রকৌশলী পদে নিম্নরূপ বদলী, পদস্থাপন ও সংযুক্তিকরণ সংক্রান্ত দাপ্তরিক আদেশ নির্দেশক্রমে জারী করা হলো।

ক্র.	কর্মকর্তার নাম ও পদবী	বর্তমান পদ	বদলিকৃত/ সংযুক্তিকৃত পদ	মন্তব্য
১	জনাব মোঃ মনজির আহমদ উপসচিব (৭৯০২) (প্রেমণে)	উপপরিচালক (নিয়োগ)	উপপরিচালক (সম্পদ ব্যবস্থাপনা- মোবাইল)	
২	জনাব ফারহানা ইসলাম (২২২৯) উপপরিচালক	উপপরিচালক (সম্পদ ব্যবস্থাপনা- মোবাইল)	উপপরিচালক (ইউওএসএফ ব্যবস্থাপনা)	
৩	জনাব মোঃ মিজানুর রহমান (২২৪৯) বিভাগীয় প্রকৌশলী	অতিরিক্ত মহাপরিচালক (কারিগরি) এর অধীনে বিভাগীয় প্রকৌশলী	উপপরিচালক (আইসিটি পরিকল্পনা)	
৪	জনাব মোঃ আব্দুস সালাম (২২৭৬) উপপরিচালক	উপপরিচালক (আইসিটি পরিকল্পনা)	উপপরিচালক (নিয়োগ)	
৫	জনাব শিরিন আক্তার (২৩২৬) উপপরিচালক	উপপরিচালক (ট্যারিফ)	অতিরিক্ত দায়িত্ব হিসেবে সিটিডিআর সেন্টারে সংযুক্তি।	

২। ক্রমিক নং-০১ এর কর্মকর্তা বদলিকৃত পদের অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রকল্প বাস্তবায়ন ও সমাপ্ত প্রকল্পের তথ্যাদি, নথিপত্র ইত্যাদি সংরক্ষণ ও প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/শাখা/ ইউনিট ইত্যাদির সাথে যোগাযোগ সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন করবেন যা জনাব সাইদুর রহমান (২১৯৪), উপপরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে দেখাশুনা করছেন।

৩। ক্রমিক নং-০২ এর কর্মকর্তা বদলিকৃত পদের অতিরিক্ত হিসেবে অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি এবং উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত দায়িত্ব পালন করবেন যা জনাব মোঃ মফিজ উদ্দিন, সাবেক উপপরিচালক (ইউওএসএফ ব্যবস্থাপনা) নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে পালন করতেন।

৪। ক্রমিক নং-০৩ এর কর্মকর্তা উপপরিচালক (আইসিটি পরিকল্পনা) পদের দায়িত্বের অতিরিক্ত হিসেবে পরিচালক (প্রশাসন) এর অধীনে সংযুক্তিক্রমে অধিদপ্তরে ও প্রেষণে অন্যান্য সংস্থায় নিয়োজিত কর্মকর্তাকর্মচারীদের সকল প্রকার ছুটি মঞ্জুরি, পাসপোর্ট বিষয়ক কার্যাবলি এবং বিভিন্ন ধরনের আর্থিক অনুদান/ সহায়তা মঞ্জুরি বিষয়ক কার্যক্রম দেখাশুনা করবেন।

কর্মকর্তাগণ স্ব স্ব পদের দায়িত্বভার হস্তান্তর/ পরিত্যাগ করে বদলিকৃত/ সংযুক্তিকৃত পদের দায়িত্বভার গ্রহণ করবেন।

প্রয়োজনীয় কার্যভার প্রতিবেদন সংশ্লিষ্ট সকল মহলে প্রেরণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ অফিস আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।



২৮-২-২০২১

মোঃ মফিজ উদ্দিন

পরিচালক

ফোন: +৮৮০-২-৯৮৩০৪০০

ইমেইল:

mafiz.uddin@telecomdept.gov.bd

নম্বর: ১৪.৩০.০০০০.২১২.১৯.০৩৬.২১.৬৭/১

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৭  
২৮ ফেব্রুয়ারি ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪) পরিচালক, অর্থ অনুবিভাগ, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (তার ও দুরালাপনী), সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
- ৬) উপপরিচালক, আইসিটি পরিকল্পনা অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৭) উপপরিচালক, আইসিটি বাস্তবায়ন অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর (ওয়েব সাইটে আপলোডের নিমিত্তে)
- ৮) সিনিয়র সহকারী পরিচালক, প্রশাসন-১ শাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিজি মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৯) সংশ্লিষ্ট কর্মকর্তা .....



২৮-২-২০২১

আহাম্মদ উল্লাহ

উপপরিচালক